

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮.০৪০

তারিখ: ২৩/০৫/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: বড় বামনদা মন্ডলপাড়া মহিলা সমিতিতে (সমিতি আইডি নং- ৪০১৪৪২-৫০) ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়” এর মনিটরিং কর্মকর্তা কর্তৃক তাঁর আওতাধীন এলাকায় নিয়মিত সফটওয়্যারের মাধ্যমে মনিটরিং করার সময় বড় বামনদা মন্ডলপাড়া মহিলা সমিতির বিগত বছরের ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায়, সমিতির সদস্যগণ ঋণ প্রাপ্তির পর সাপ্তাহিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ না করে মেয়াদের শেষ পর্যায়ে ঋণ পরিশোধ করেছেন অথবা অনেক সদস্য নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ করেননি। যা প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫ম পরিচ্ছেদের ৫.১৫ বহির্ভূত। এর ফলে প্রতীয়মান হয় যে, সুফলভোগী সদস্যগণ আইজিএ ভিত্তিক কোন কর্মকান্ডে গৃহিত ঋণ ব্যবহার করেন না।

এমতাবস্থায়, প্রকল্পের সফলতার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা বহির্ভূত কার্যক্রমের সাথে জড়িত থাকায় বড় বামনদা মন্ডলপাড়া মহিলা সমিতিতে ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে বর্ণিত সমিতিতে আর্থিক ঋণ বিতরণ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।



মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।
৬. অফিস নথি।